**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:17-01-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**P.M inaugurated NACIN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল অন্ধ্রপ্রদেশের শ্রী সত্য সাই জেলার পলাসমুদ্রমে ন্যাশনাল একাডেমি অফ কাস্টমস, ইনডাইরেক্ট ট্যাক্সেস অ্যান্ড নারকোটিক্স (NACIN) এর নতুন ক্যাম্পাসের উদ্বোধন করেন।

সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, আগামী দিনে NACIN একটি প্রধান প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং সুশাসনের কেন্দ্র হবে। প্রধানমন্ত্রী বলেন, গত ৯ বছরে অনেক কর সংস্কার প্রবর্তনের ফলে ইজি বিজনেসে যথেষ্ট উন্নতি হয়েছে এবং দেশে কর আদায় বৃদ্ধিতে সহায়ক হয়েছে। করের মাধ্যমে সংগৃহীত প্রতিটি অর্থ নাগরিকদের কল্যাণে এবং দুর্বল জনগোষ্ঠীর জীবনযাত্রার উন্নতির জন্য ব্যয় করা হয়। প্রধানমন্ত্রী বলেন, সরকারের প্রচেষ্টায় গত ৯ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে উত্তোরন পেয়েছে।

*****************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণে গৃহীত প্রকল্পগুলি গুণমান বজায় রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। কর্মসূচি রূপায়ণে জেলাশাসকদের আরও দায়িত্ব নিয়ে কাজ করতে হবে। গতকাল আগরতলার ড. শ্যামাপ্রসাদ মুখার্জী সরণিস্থিত ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশন কার্যালয়ে এক উচ্চপর্যায়ের সভায় মুখ্যমন্ত্রী একথা বলেন। সভায় বিভিন্ন প্রকল্পের অগ্রগতি, গৃহীত কর্মসূচি ও নতুন উদ্যোগসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও সভায় রাজ্যে রূপায়িত প্রধান প্রকল্প যেমন জাতীয় সড়ক, আগরতলা থেকে এয়ারপোর্ট পর্যন্ত সড়ক, মাতা ত্রিপুরাসুন্দরী মন্দিরের পরিকাঠামো উন্নয়ন, পুরাতন রাজভবনে মহারাজা বীরচন্দ্র মাণিক্য মডার্ন আর্ট মিউজিয়াম অ্যান্ড কালচার‍্যাল মিউজিয়াম, বিদ্যাজ্যোতি স্কুল, জলজীবন মিশন এবং পি এম বিশ্বকর্মা প্রকল্পে রূপায়িত চলতি কর্মসূচিগুলির বিষয়সমূহ পর্যালোচনা করা হয়।

সভায় টিআইএফটি'র সিইও কিরণ গিত্যে টিআইএফটি'র বর্তমান স্থিতি ও পরিকাঠামোগত বিষয়সমূহ সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। সভায় জানানো হয়, রাজ্য সরকারের নিজস্ব 'আমার সরকার' পোর্টালটি উল্লেখযোগ্যভাবে প্রশংসিত হয়েছে।

********************

**INDIAN NAVY AWARENESS PROGRAMME :**

ভারতীয় নৌবাহিনীর প্রতি আকৃষ্ট হতে ভারতীয় নৌবাহিনীর উদ্যোগে আগামীকাল থেকে আগরতলার বিভিন্ন স্কুলে সচেতনতা শিবির আয়োজন করা হয়েছে । আগামী ২০ শে জানুয়ারী পর্যন্ত চলবে এই সচেতনতা শিবির। এক প্রেস রিলিজে জানানো হয়, ভারতীয় নৌবাহিনীর তিন আধিকারিকের নেতৃত্বে এই সচেতনতা শিবির করা হবে – NIT, উমাকান্ত একাডেমী, প্রগতি বিদ্যাভবন, আমতলী HS স্কুল এবং মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে । ছাত্রছাত্রীদের ভারতীয় নৌবাহিনীতে যোগদানে আগ্রহী করে তুলতে আলোচনা করা হবে এবং তাদের উদ্‌বুদ্ধ করা হবে । আধিকারিকদের মধ্যে একজন ত্রিপুরার ভোলাগিরি এলাকার বাসিন্দা কমান্ডার শ্যামাপ্রসাদ ধর, বর্তমানে বিশাখাপত্তনমে ডিরেক্টর জেনারেল নেভাল প্রজেক্টে কর্মরত রয়েছেন ।

********************

**PM, VBSY :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল বৃহস্পতিবার ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিকশিত ভারত সংকল্প যাত্রার সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করবেন। দেশ জুড়ে বিকশিত ভারত সংকল্প যাত্রার হাজার হাজার সুবিধাভোগী এই অনুষ্ঠানে যোগ দেবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ভাষণ দেবেন।

সরকারের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্পগুলির বাস্তবায়নে সাফল্য অর্জনের জন্য এই প্রকল্পগুলির সুবিধাগুলি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে উপযুক্ত সুবিধাভোগীদের কাছে পৌঁছোনো নিশ্চিত করার জন্যই সারা দেশে বিকশিত ভারত সংকল্প যাত্রা অনুষ্ঠিত হচ্ছে। গত বছরের ১৫ই নভেম্বর এটি চালু হওয়ার পর থেকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নিয়মিতভাবে বিকশিত ভারত সংকল্প যাত্রার সুবিধাভোগীদের সাথে আলাপচারিতা করেছেন।

*******************

**Police executive recruitment :**

পুলিশে স্পেশাল এগজিকিউটিভ নিয়োগের উদ্দেশে এডমিট কার্ড বিতরন গতকাল থেকে শুরু হয়েছে। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, আগামী ২৫ জানুয়ারি পর্যন্ত রাজ্যের প্রত্যেক থানা থেকে এডমিট কার্ড বিতরন করা হবে। আবেদনকারীদের কেউ এডমিট কার্ড না পেলে জেলা পুলিশ অফিসে যোগাযোগ করতে আবেদন করা হয়েছে। উল্লেখ্য, গত বছর ২০ অক্টোবর চুক্তির ভিত্তিতে স্পেশাল এগজিকিউটিভ নিয়োগের বিজ্ঞপ্তি জারি করেছিল রাজ্য সরকার।

********************

**POLICE WEEK :**

আজ থেকে শুরু হচ্ছে পুলিশ সপ্তাহ ২০২৪ । এ উপলক্ষে আজ সকালে  অরুন্ধতী নগর পুলিশ মাঠে আয়োজিত প্যারেডে অভিবাদন গ্রহণ করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। প্যারেড শেষে এ বছর বিভিন্ন ক্ষেত্রে পুরষ্কার প্রাপকদের হাতে মুখ্যমন্ত্রী পুরষ্কার তুলে দেবেন। উল্লেখ্য, এই বছর বর্ষসেরা পুলিশ অফিসার নির্বাচিত হয়েছেন রাজীব সূত্রধর, বর্ষসেরা স্বীকৃতি পেয়েছে তেলিয়ামুড়া থানা এবং শ্রেষ্ঠ TSR ব্যাটালিয়ান নির্বাচিত হয়েছে সপ্তম ব্যাটালিয়ান।

************************

**PM biswakarma :**

ত্রিপুরা রিহ্যাবিলেটেশন প্ল্যানটেশন কর্পোরেশনের পক্ষ থেকে গতকাল আগরতলা থেকে প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রকল্পে প্রচার গাড়ির সূচনা করা হয়েছে। পতাকা নেড়ে এই কর্মসূচীর সূচনা করেন কর্পোরেশনের চেয়ারম্যান পাতাল কন্যা জমাতিয়া। তিনি বলেন, গত ১৫ আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই প্রকল্পের শুভ সূচনা করেছেন। কেন্দ্রীয় প্রকল্পটি যাতে সঠিকভাবে বাস্তবায়ন হয় তার জন্য প্রচার গাড়ি রাজ্যবাসীদের অবগত করবে।

********************

**Swacchata abhyan :**

অযোধ্যায় রামমন্দির প্রতিষ্ঠা উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অনুপ্রেরণায় মন্দির পরিসরে স্বচ্ছতা অভিযানের অঙ্গ হিসাবে গতকাল রামনগর ১ নম্বর রোডে শনি মন্দিরে এবং কের চৌমুহনীতে শিব-কালী মন্দিরেসাফাই কর্মসূচিতে অংশগ্রহণ করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন, ২২শে জানুয়ারি অযোধ্যায় প্রভু রামচন্দ্রের প্রাণ প্রতিষ্ঠার পূর্বে সকল মন্দির হয়ে উঠুক স্বচ্ছ ও সুন্দর। মুখ্যমন্ত্রীর সাথে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, বিজেপি দলের সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত সহ অন্যান্য কার্যকর্তারা।

এদিকে, গতকাল শিবনগর রামঠাকুর সেবাশ্রমে সাফাই অভিযানে অংশগ্রহণ করেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য ।

********************

**Bharat Goirav Train :**

ভারত গৌরব ট্রেনগুলি গত বছর ৯৬ হাজারেরও বেশি পর্যটকদের কাছে ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য এবং উল্লেখযোগ্য ঐতিহাসিক স্থানগুলি প্রদর্শন করেছে। ভারতীয় রেলওয়ে 'ভারত গৌরব' ট্যুরিস্ট ট্রেনের ব্যানারে থিম-ভিত্তিক সার্কিটে ট্যুরিস্ট ট্রেন চালানোর ধারণা চালু করেছে। এই ট্রেনগুলি

অযোধ্যা থেকে জনকপুর, শ্রী রাম-জানকী যাত্রা, শ্রী জগন্নাথ যাত্রা, গারভি গুজরাট সফর, আম্বেদকর সার্কিট এবং উত্তর পূর্বাঞ্চল সফরের মতো প্রধান পর্যটন ক্ষেত্রগুলিতে চালানো হয়েছে। এই প্রকল্পের অধীনে, রেলমন্ত্রক উন্নতমানের কোচ সহ রেল-ভিত্তিক পর্যটন ব্যবস্থার মাধ্যমে অভ্যন্তরীণ পর্যটনের প্রচারের জন্য সমন্বিত প্রচেষ্টা চালিয়েছে। এটি দেশীয় পর্যটনকে উৎসাহিত করার জন্য ভারত সরকারের উদ্যোগ 'এক ভারত শ্রেষ্ঠ ভারত' এবং 'দেখো আপনা দেশ'-এর সঙ্গেও সঙ্গতিপূর্ণ।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত: পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা রয়েছে । আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১০.৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ১৯.১ ডিগ্রির কাছাকাছি।

******************

****************